

মেয়র আনিসুল হকের মরদেহ কাল ঢাকায় আসবে

✍ কালের কণ্ঠ অনলাইন



অ +

অ -



ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হকে মরদেহ আগামীকাল সকাল ১১ টায় লন্ডন থেকে বাংলাদেশ বিমানে ঢাকায় আসবে।

মেয়র আনিসুলের ব্যক্তিগত কর্মকর্তা মিজানুর রহমান সাংবাদিকদের জানান, শনিবার আর্মি স্টেডিয়ামে জানাজা শেষে বাদ আসর বনানী কবরস্থানে তাকে দাফন করা হবে।

মেয়র আনিসুল হক দীর্ঘদিন যাবত অসুস্থ অবস্থায় লন্ডনে একটি হাসপাতালে চিকিৎসাধীন থাকাকালে গত বৃহস্পতিবার বাংলাদেশের সময় রাত ১০টা ২৩ মিনিটে তিনি ইন্তেকাল করেন।

চলতি বছরের ২৯ জুলাই তিনি যুক্তরাজ্যে গমন করেন।

অসুস্থ হয়ে পড়লে তাকে লন্ডনের ন্যাশনাল নিউরো সায়েন্স হসপিটালে
ভর্তি ও আইসিইউতে রাখা হয়। গত ১৩ আগস্ট চিকিৎসকরা তার
মস্তিষ্কের রক্তনালীতে প্রদাহজনিত সেরিব্রাল ভাসকুলাইটিস শনাক্ত করেন।
পরে তাকে ৩১ অক্টোবর আইসিইউ থেকে রিহ্যাবিলিটেশন সেন্টারে
স্থানান্তর করা হয়।

২০১৫ সালে আওয়ামী লীগের মনোনয়নে তিনি ঢাকা উত্তর সিটি
কর্পোরেশনের মেয়র নির্বাচিত হন।

এর আগে তিনি ব্যবসায়ীদের সর্বোচ্চ সংগঠন এফবিসিসিআই এবং
বিজিএমইএ সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন।

আনিসুল হক ১৯৫২ সালে ২৭ অক্টোবর নোয়াখালী জেলার কবিরহাটে
জন্মগ্রহণ করেন।...